ফ্যাক্ট শীটঃ বোরো ধানের জাত

জাত পরিচিতি

ব্রি ধান২৮ বোরো মৌসুমের একটি আগাম জাত। এ জাত ১৯৯৪ সালে চাষাবাদের জন্য অনুমোদিত হয়।

ব্রি ধান২৮

জাতের বৈশিষ্ট্য

- গাছের উচ্চতা ৯০ সেমি।
- পাকার সময় ধানের শীষ উপরে থাকে।
- চাল মাঝারি চিকন ও সাদা।
- ভাত ঝরে ঝরে ও খেতে সুস্বাদু।

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

এ জাতের জীবনকাল ব্রি ধান২৯ এর চেয়ে প্রায় তিন সপ্তাহ কম। তাই অসচ্ছল কৃষক যারা আগাম ফসল কাটতে চান তাদের জন্য এ জাতটি বিশেষভাবে উপযোগী। এ জাত আগাম বিধায় বন্যা প্রবণ এলাকায় যেখানে পাকা ধান পানিতে তলিয়ে যায় সে সমস্ত এলাকার জন্যও উপযোগী। এ ধানের মুড়ি ভালো হয়। বোরো ধান চাষের পর যারা সবুজ সার চাষ করে মাটির উর্বরতা বাড়াতে চান তারা এ আগাম জাতটি নির্বাচন করতে পারেন।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৪০ দিন।

ফলন

স্বাভাবিক ফলন হেক্টরপ্রতি ৫.৫-৬.০ টন।

চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপন ঃ** ১ - ১৫ অগ্রহায়ণ (১৫-২৯ নভেম্বর)।
২. **চারার বয়সঃ** ৩৫-৪০ দিনের চারা।
৩. **চারা রোপনের সময় ঃ** ৭-১২ মাঘ (২০শে জানুয়ারি থেকে ২৫শে জানুয়ারি)।
৪. **চারার সংখ্যা ঃ** প্রতি গুছিতে ২-৩ টি
৫. **রোপণ দুরত্বঃ** ২০×১৫ সেন্টিমিটার।

৬. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা
৩০-৪০	৭-১০	৮-১৬	৪-১১	০.৭-১.০

৬.২ ইউরিয়া সার দু'বার উপরি প্রয়োগ করতে হবে।

প্রথম উপরি প্রয়োগ রোপণের ১৫-২০ দিন পর।

দ্বিতীয় উপরি প্রয়োগ রোপণের ৩০-৩৫ দিন পর। ইউরিয়া উপরি প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

৬.৩ ইউরিয়া সার প্রয়োগে লিফ কালার চার্ট (এলসিসি) ব্যবহার করতে হবে।

৭. **আগাছা দমন ঃ** রোপণের পর ৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৮. **সেচ ব্যবস্থাপনা ঃ** থোর অবস্থা থেকে দুধ অবস্থা পযর্ন্ত জমিতে পর্যাপ্ত রস বা পানির ব্যবস্থা রাখতে হবে।
৯. **রোগ ও পোকামাকড় দমন ঃ** সমন্বিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করা যেতে পারে।
১০. **ফসল কাটা ঃ** ২০ চৈত্র - ৫ বৈশাখ (৩-১৮ এপ্রিল)।

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd